102

তারিখ ... 15 OCT 1998 ..
পৃষ্ঠা 2 কলাম 4

ইত্তেফাক

# সরকারী কলেজ শিক্ষকদের পদোন্নতির দাবীতে স্মারকলিপি পেশ

সরকারী কলেজ শিক্ষকদের অনির্দিষ্টকালের জন্য পদোন্নতি বন্ধ রয়েছে। পদোন্নতি প্রক্রিয়া বন্ধ থাকায় কলেজ শিক্ষকদের মধ্যে দারুণ হতাশা ও ক্ষোভের সৃষ্টি হয়েছে। অবিলম্বে পদোন্নতিদানের জন্য বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদ বুধবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের মাধ্যমে শিক্ষা সচিবকে স্মারকলিপি প্রদান করে। দীর্ঘদিন পদোন্নতি বন্ধ থাকায় ইতোমধ্যে প্রচুর সংখ্যক শিক্ষক অবসরে চলে গেছেন। শিক্ষকদের মধ্যে হতাশার কারণে কলেজ শিক্ষা বিপর্যয়ের মুখে। একমাত্র পদোন্নতির মাধ্যমেই শিক্ষকদের মধ্যে পুঞ্জীভূত ক্ষোভ ও হতাশা দূর হবে বলে পরিষদ মনে করে। স্মারকলিপি প্রদান শেষে সম্মিলিত শিক্ষকদের উদ্দেশে বক্তব্য রাখেন পরিষদের সভাপতি অধ্যক্ষ মোঃ আলী আকবর খান। পরিষদের মহাসচিব অধ্যাপক মোঃ শাহজাহান মিয়া, ভারপ্রাপ্ত মহাসচিব মতিউর রহমান গাজ্জালী, প্রেসিডিয়াম সদস্য বদিউল আলম, ডঃ দেবনাথ, সিদ্দিকুর রহমান, আবদুল মজিদ, যুগ্ম মহাসচিব আশ্রাফুন নেছা রোজী, দফতর সচিব হুমায়ুন কবির, নির্বাহী কমিটির সদস্য আবু সুফিয়ান প্রমুখ স্মারকলিপি প্রদানকালে উপস্থিত ছিলেন। স্মারকলিপিতে প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুত জাতীয়কৃত ১৮টি মহিলা কলেজ শিক্ষক-কর্মচারীদের অবিলম্বে নিয়োগদান, আত্তীকরণ বিধিমালা '৮৫ দ্রুত এসআরও জারী করা ও ৪ বছর পূর্তির দিন থেকে প্রত্যেক প্রভাষককে সিলেকশন গ্রেড প্রদানের দাবী জানানো হয়। খবর বিজ্ঞপ্তির।